

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০১০.৯১-০৪

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৪ বঃ
০৮ জানুয়ারি, ২০১৮ খ্রি:

প্রেরকঃ মোহাম্মদ হেলাল উদ্দিন
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মোঃ বাদরুজ্জামান, প্রাক্তন পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: ১। দুর্নীতি দমন কমিশনের পত্র নং-দুদক/প্রশা: ও লজি:/৩৫/২০০৭(অংশ-১২)-৩৪৬৩১ তারিখ: ১৬/১১/১৭ খ্রি।
২। খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০৬৪.১০-১২৪৮ তারিখ: ২২/১১/২০১৭ খ্রি:।
৩। খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০৬৪.১০-১০৫১ তারিখ: ১১/০৮/২০১৬ খ্রি:।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ বাদরুজ্জামান, প্রাক্তন পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এ মন্ত্রণালয়ের ০৫/১২/২০১০ খ্রিঃ তারিখের ৭৩৬ নং প্রজ্ঞাপন মূলে বিগত ০৩/০৯/২০১১ খ্রি. তারিখে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেছেন। সে প্রেক্ষিতে তিনি পেনশন ফরম ২.১ পূরণপূর্বক তার প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে জনাব মোঃ বাদরুজ্জামান এর বিরুদ্ধে কোন বিভাগীয় বা বিচারিক মামলা বা অভিযোগ অনিষ্পন্ন নেই। তাই তার প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে জ্ঞাপন করছিঃ

- ২। তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৩। খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি যে পরিমাণ আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ৪। জনাব মোঃ বাদরুজ্জামান এর বিরুদ্ধে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তিতে জড়িত ২,৮৭,৫৬৩ (দুই লক্ষ সাতাশি হাজার পাঁচ শত ত্রিশটি) টাকা স্থগিত রেখে তার প্রাপ্য পেনশনের সম্পূর্ণ বিনিময়ে এককালীন আনুতোষিক বাবদ ৩৬,৪২,৪৩৭/- (ছত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত সাইত্রিশ) টাকা প্রদানের জন্য পিপিও বহিঃ জারি করে এই মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।
- ৬। এ সংক্রান্ত নিয়োক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	০১ (এক) কপি
(খ)	সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল আদেশ	০১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	০১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অঙ্গুলির ছাপ	০১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের প্রত্যয়নপত্র (ই.এল.পি.সি)	০১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	০১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে তার সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	০১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	০১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	০১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০১১২
sasestabadmin@mof.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০১০.৯১-০৪

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৪ বঃ
০৮ জানুয়ারি, ২০১৮ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)
- ৫। জনাব মোঃ বাদরুজ্জামান, প্রাক্তন পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (বর্তমান ঠিকানা: বাড়ী নং-৩৪, সড়ক নং-১২, ব্লক-খ, পিসি কালচার হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা।)


(মোহাম্মদ হেলাল উদ্দিন) ০৮.০২.১৮
সিনিয়র সহকারী সচিব

E/saroar Mir/022.33.010.91